“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

# শ্যামনগর উপজেলা পরিষদের জুন’২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ২৪.০৬.২০২০ খ্রিঃ, সকাল- ১১.০০ টা।

স্থান ঃ Zoom Clouding meeting

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক’’ দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত অদ্য মাসিক সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, বর্তমান সময়ে মহামারি করোনা ভাইরাসের জন্য উপজেলা পরিষদের মাসিক সভা Zoom Clouding meeting এর মাধ্যমে আহবান করা হয়েছে। Zoom Clouding meeting এ সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত সকল সদস্য গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারী পরিপত্র এবং বিধি অনুসরন করে উপজেলা পরিষদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপদেশ সকল দপ্তরকে যথাযথভাবে পালনের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | সংশিষ্ট দপ্তর প্রধান। |
| ৩. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন) | ১। উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা পরিষদের ৩নং গেজেটেড কোয়াটার এবং নন-গেজেটেড কোয়াটার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা’২০২০ এর ৩(ক) অনুযায়ী মেরামত এবং সংস্কার করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকার মধ্যে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পটির কাজ সম্পন্ন হয়েছে। বর্নিত মাসিক সভায় প্রকল্পটির অনুমোদন এবং বিল প্রদানের সুপারিশ অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি আধুনিকায়ন করতে বর্নিত প্রকল্পটির অনুমোদন গৃহিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরন পূর্বক বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত ব্যয় সম্পন্ন করার জন্য অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে মতামত প্রদানের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>১) উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত এবং রক্ষনাবেক্ষণ- ৫০,০০০/- টাকা।<br>২) ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদের চেয়ারম্যান অফিসে টেলিফোন বিল্ ৩৩১২/- টাকা।<br>৩) উপজেলা পরিষদের গেজেটেড ডরমেটরি (প্রমোট) বিভিন্ন মেরামত এবং সংস্কার, চেয়ারম্যান অফিসে আইপিএস মেরামত, ইউডিসি ভবনে তালা ক্রয়- ৩১৮৮৫/- টাকা।<br>৪) উপজেলা পরিষদের আমবাগান রক্ষনাবেক্ষন, পরিষদের অভ্যন্তরে মশার উপদ্রব কমাতে ফগার মেশিন স্প্রে, মশক নিধোক অভিযান, চেয়ারম্যান অফিসে প্রিন্টারের টোনার ক্রয়, ব্যাসিনের পাইপ ক্রয়, পরিষদের অভ্যন্তরে পানি নিষ্কাষনের ড্রেন নির্মান এবং পরিষ্কার পরিচ্ছন্নতা০ ২১৮১৫/- টাকা।<br>৫) বাংলা ১৪২৭ সনের হাট বাজার ইজারা পত্রিকার দৈনিক মানবজমিন এবং দৈনিক জন্মভূমির বিজ্ঞপ্তি বিল বাবদ- ৯৯৪৯৮/- টাকা।<br>৬) ১৪২৬ সনের ভূমি উন্নয়ন কর- ১৯২৬০/- টাকা।<br>**সিদ্ধান্ত** : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্নিত ব্যয় সমূহের বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | | উপজেলা নির্বাহী অফিসার |
| ৪. | ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে,<br>১. ২০১৯-২০ অর্থ বছরে এডিপির বরাদ্দকৃত ১,১৬,২৬,৫০০ টাকা এবং উন্নয়ন তহবিলের ৩২,১২০০০ টাকার মোট ১,৪৮,৩৮,৫০০ টাকার মোট ৭৯টি প্রকল্প গ্রহন করা হয়েছে। যার কাজ ১০০% সম্পন্ন হয়েছে। সরকারী নির্দেশনা অনুসারে উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন ও মনিটরিং করা হয়েছে।<br>২. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে শ্যামনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিস, উপজেলা প্রকৌশল দপ্তর, উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য ০৩ টি ফটোকপিয়ার মেশিন ক্রয়, উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টর ০১ টি, উপজেলা প্রকৌশল দপ্তর এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন এবং স্থির চিত্র সংরক্ষনের জন্য ডিজিটাল ক্যামেরা ক্রয় ০২ টি ক্রয়ের কাজ ৪,৭৫,০০০/- টাকা প্রকল্পের অনুমোদন ছিল। কিন্তু প্রকল্পটি বাস্তবায়ন করতে যেতে বর্নিত অর্থে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। নতুন প্রাক্কলন অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়ন করতে ৪,৯৩,২১৩/- টাকা ব্যয় হবে মর্মে তিনি সভাকে জানান। নতুন প্রস্তাবিত প্রাক্কলন অনুমোদনের জন্য তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন । | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত প্রকল্পটি বাস্তবায়ন করতে নতুন প্রাক্কলন অনুযায়ী ৪,৯৩,২১৩/- টাকা ব্যয় করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩. উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা/ অপ্রত্যাশিত খাত (প্রাকৃতিক দূর্যোগ/চলমান প্রকল্প বাস্তবায়ন) ইত্যাদি বিবেচনায় বিশেষ থোক (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী) উপখাত হতে শ্যামনগর উপজেলায় ২৫.০০ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের জন্য তিনি সকলের মতামত আহবান করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর বলেন যে, ইতোমধ্যে শ্যামনগর উপজেলায় বিধ্বংসী ঘূর্নিঝড় আম্ফানের আঘাতে উপকূলীয় এলাকা লন্ডভন্ড হয়ে গেছে। পানি উন্নয়ন বোর্ডের বাঁধ প্লাবিত হয়ে প্রায় ৫টি ইউনিয়ন নদীর পানিতে ভাসছে। এসকল মানুষের মধ্যে বর্তমানে তীব্র সুপেয় পানির সংকট বিদ্যমান। বর্তমান এ সংকট নিরসনে বিধি অনুযায়ী বর্নিত বরাদ্দকৃত অর্থে পানির ট্যাংকি ক্রয় করার জন্য তিনি প্রস্তাব করেন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় নদীর বাঁধ প্লাবিত এলাকায় সুপেয় পানির সংকট নিরসনে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের মাঝে পানির ট্যাংকি বিতরণের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা প্রকৌশলী বলেন যে, যেহেতু জুন মাসে বর্নিত বরাদ্দ এসেছে, সেহেতু বর্তমানে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব নয়। বাস্তব অবস্থা বিবেচনা করে বর্নিত প্রকল্পটি বাস্তবায়ন করতে পিপিআর ২০০৮ অনুসরন পূর্বক RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচনান্তে প্রকল্পটি পিপিআর ২০০৮ অনুসরন পূর্বক RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় অনুমোদন গৃহিত হয়।<br>**বাস্তবায়নে :** উপজেলা প্রকৌশলীকে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | | |
| ৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্যাকেজ নং- e-Tender/JICA/SHYA/STK/ 2018-19/P-01, প্রকল্প নাম- a) Repair & Update Shyamnagar Modern School Class room, b) Repair of Shyamnagar Center Library & Supply Furniture Under Shyamnagar Upazila, Dist-Sathira. মেসার্স মোল্যা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, প্রোঃ- এম এম নুরুল হক, বর্নিত কাজটি সম্পন্ন করেছেন। বর্নিত কাজের চুক্তিমূল্য ছিল ১০,১০,৫৬৫/- টাকা। কাজের গুনগত মান সন্তোষজনক। উক্ত কাজের চুড়ান্ত বিল প্রদানের জন্য সুপারিশ করেন। | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত কাজের বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৭. | উপজেলা পরিষদের বাসাবাড়ীর, বিভিন্ন অফিসের ভাড়া আদায় এবং রাজস্ব তহবিলে জমা প্রদান সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে যে সকল সরকারী বাসাবাড়ী আছে, সেগুলির ভাড়া নির্ধারনে সঠিক নিয়ম অনুসরন করা হচ্ছেনা। সরকারী নিয়ম অনুযায়ী কোন সরকারী কর্মকর্তা/কর্মচারী সরকারী বাসাবাড়ীতে থাকলে সরকার কর্তৃক প্রদেয় সম্পন্ন বাসাভাড়া কর্তন পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা করতে হবে। ইতোমধ্যে শ্যামনগর উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার সমূহ আধুনিকায়ন করা হয়েছে। উপজেলা পরিষদের সরকারী বাসাবাড়ীর ভাড়া পুনঃ নির্ধারনের জন্য উপজেলা পরিষদের কোন বিধি বিধান নেই, সরকার কর্তৃক নির্ধারিত বাসাভাড়া প্রদান করতে হবে। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জুলাই'২০২০ মাস হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল গেজেটেড/নন-গেজেটেড কোয়াটারের ভাড়া সরকার কর্তৃক প্রদেয় বাড়ীভাড়া কর্তনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং শ্যামনগর উপজেলা পরিষদের বাসাবাড়ীর ভাড়া নির্ধারনের বিষয়ে গত অক্টোবর'২০১৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত বাতিল করনের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। এছাড়া উপজেলা পরিষদের গেজেটেড ডরমেটির প্রতিটি কক্ষের ভাড়া ১৬০০ টাকা সবার সম্মতিক্রমে নির্ধারন করা হলো।<br>বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলীকে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। | | উপজেলা প্রকৌশলী |
| ৮. | একটি বাড়ী একটি খামার | সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ঋন আদায়ে তৎপর হতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৯. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১০. | | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, শ্যামনগর উপজেলায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সকল কাজ বাস্তবায়নে একান্ত সহযোগিতা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। | কাজের গতি আরও বেগবান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, ঘূর্নিঝড় বুলবুলে শ্যামনগর উপজেলায় প্রচুর গাছপালার ক্ষয়ক্ষতি হয়েছে। যে গাছগুলি ক্ষতিগ্রস্থ হয়েছে বিধি মোতাবেক কর্তনের জন্য সভায় মতামত প্রদান করেন। | উপজেলা সামাজিক বন বিভাগের কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন ইতোমধ্যে শ্যামনগর উপজেলায় সকল ইউনিয়নে জেলে কার্ডধারীদের জন্য চাউল বিতরণ | চাউল বিতরনের সামাজিক দূরুত্ব বজায় রাখার জন্য ইউপি চেয়ারম্যানদের | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম চলমান আছে। | অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, করোনা ভাইরাস মহামারি আকার ধারন করেছে। সকলকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা হতে সকল নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ করেন। অদ্যবধি শ্যামনগর উপজেলায় ৯জন করোনা পজেটিভ রোগী সনাক্ত হয়েছে। | করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতনতা করতে সকল দপ্তর এবং ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলিতে জনবল সংকট থাকায় অনেক ইউনিয়নে সঠিকভাবে স্বাস্থ্যসেবা প্রদান করা সম্ভব হচ্ছেনা। যে সকল ইউনিয়নে দুইজন করে স্বাস্থ্যকর্মী আছে সেখান থেকে সমন্বয় করে পদ্মপুকুর এবং গাবুরা ইউনিয়নে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলিতে স্বাস্থ্যসেবা কার্যক্রম চলমান রাখা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, কাবিখা প্রকল্প বাস্তবায়ন করতে দেখা গেছে কাবিখা প্রকল্পে মজুরী হিসেবে চাল/গম নিতে শ্যামনগর উপজেলার মানুষ আগ্রহ প্রকাশ করেনা। এজন্য প্রকল্প বাস্তবায়নে অনেক সময় জটিলতায় পড়তে হয়। যদি প্রকল্পে বরাদ্দকৃত খাদ্যশস্য বিক্রয় করে শ্রমিকদের নগদ অর্থ প্রদান করা যায়, সেক্ষেত্রে শ্রমিকরা কাজে আগ্রহী হন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আর্কষণ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কাবিখা প্রকল্পে খাদ্যশস্য বিক্রয় করে নগদ অর্থ প্রদানের সুযোগ রাখার জন্য উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান একমত পোষন করেন। এবিষয়ে উর্দ্ধতন কর্তপক্ষকে পত্র প্রেরনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, প্রতিটি বিদ্যালয়ে মুজিব কর্ণার স্থাপনের জন্য ইতোমধ্যে উপজেলার সকল প্রধান শিক্ষকদের অবহিত করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, সমাজসেবা অফিস সংলগ্ন প্রবেশদ্বারে রাস্তার পাশে পানি জমে নোংরা পরিবেশ সৃষ্টি হচ্ছে এবং পাশ্ববর্তী খোলা জায়গায় মাটি/বালু ভরাট করে একটি মোটর সাইকেল গ্যারেজ র্নিানের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাতৃভাতা ভোগীর নামের তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | দ্রুত তালিকা জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, আম্ফানে যে সকল ব্রীজ ক্ষতিগ্রস্থ হয়েছিল, সেগুলির অধিকাংশ মেরামত করা হয়েছে। যে সকল এলাকা প্লাবিত হয়েছে সেগুলি মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে পাঠানো হয়েছে। ১৫-২০টি পয়েন্টের কাজ দ্রুত শুরু হবে। স্থানীয়ভাবে অনেক স্থান মেরামত করা হয়েছে। মোট ১৪৩টি ক্ষতিগ্রস্থ পয়েন্টের কাজ বাস্তবায়ন করা হবে। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন-

| সমিতি/দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৩৬ | ৫৪৭৬ | ২১৬৯ | ১৫৬০.৪০ | ২৮১.৮৭ | ১৮% | ৩.৭৫ | ৪৪৬ | ২৭৬ | ১০ | - |

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

| | |
|---|---|
| **উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, মহামারি করোনা ভাইরাস এবং ঘূর্নিঝড় আম্ফান মোকাবেলায় যে সকল সরকারী কর্মকর্তা, কর্মচারী এবং জনপ্রতিনিধি নিরলসভাবে জনগনের সেবা প্রদান করে যাচ্ছে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, ঘূর্নিঝড় আম্ফানে বিভাগীয় কমিশনার, খুলনা এবং জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় সবসময় খোজ খবর নিয়েছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া মহামারি করোনা ভাইরাস প্রতিরোধ সকলকে সামাজিক দুরুত্ব মেনে চলাচল করার জন্য অনুরোধ করেন।

০২। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,

১. মুজিববর্ষে শ্যামনগর উপজেলাকে ভিক্ষুকমুক্ত এবং ভিক্ষুকদের পুনঃবাসন করতে মাননীয় জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের নির্দশনা মোতাবেক সমাজসেবা দপ্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরকে একটি কর্ম পরিকল্পনা জমা প্রদানের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।

২. মুজিববর্ষে গাবুরা ইউনিয়নে ২০-২৫ হাজার গাছের চারা রোপনের পরিকল্পনা গ্রহনের জন্য গাবুরা চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষন করেন। তিনি বলেন যে, আইলা এবং সিডরের সময় গাবুরা ইউনিয়নে প্রচুর পরিমান গাছের ক্ষতি হয়েছে, মুজিববর্ষে গাছের চারা রোপনের মাধ্যমে আইলা এবং সিডরের ক্ষতি কাটিয়ে উঠার চেষ্টা করা যেতে পারে।

৩. শ্যামনগর উপজেলা পরিষদ সদরে বজ্য অপসারনের জন্য একটি চুল্লি নির্মানের প্রস্তাব করেন। বজ্য অপসারনের জন্য খাস সম্পত্তি খুজে বের করার জন্য সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগরকে অনুরোধ করেন।

৪. সামনে পবিত্র ঈদুল আয্হা, মহামারি করোনা ভাইরাসের কারনে সমগ্র বিশ্ব এখন সংকটময় সময় মোকাবেলা করছে। সংকটময় এ সময়ে ঈদ উপলক্ষে কোন আতশবাজি বা বিনা প্রয়োজনে সাউন্ড বক্স ব্যবহার করতে সকলকে নিরুসাহিত করতে মতামত প্রদান করেন। এছাড়া কোরবানীর বজ্য অপসারনে নিদিষ্ট স্থানে পশু জবাই করার জন্য সকলকে অনুরোধ করেন।

০৩। সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগর সভায় বলেন যে, অদ্য মাসিক সভায় অনেক ইউপি চেয়ারম্যান জনগনের স্বার্থে অনেক খাল ইজারা বাতিলের জন্য সুপারিশ করেছেন। কিন্তু পূর্বে দেখা গেছে যে সকল খাল ইজারা প্রদান করা হয়নি, সে সমস্থ খাল কোন না কোন ভাবে অবৈধভাবে দখল হয়ে গেছে।

০৪। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে,

১. নদীর চর অবৈধভাবে দখলকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন পূর্বক প্রকৃত ভূমিহীনদের মাঝে জমি বন্দোবস্ত করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

২. সুপেয় পানি সংরক্ষনে পানির ট্যাংকি ক্রয়ের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩. পোড়াকাটলা - গোপীনাথ মোড়ের ব্রীজটি দ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** ঃ বর্নিত আলোচনার আলোকে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

০৫। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২০খ্রিঃ'র মে-জুন মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ১১দিন এবং মহিলা ভাইস ১১ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০২০খ্রিঃ'র জুন/জুলাই মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২০খ্রিঃ'র মে-জুন মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২২ দিনের ৫০০ টাকা হারে ১১০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে মুজিববর্ষ এবং মহান স্বাধীনতা দিবসের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ২২.০৭.২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,..........................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ..............................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com